উপজেলা পরিষদ কার্যালয়
মনোহরদী, নরসিংদী

উপজেলা পরিষদের মে ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ সাইফুল ইসলাম খান (বীরু)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

তারিখ : ২৫ মে ২০২১ মঙ্গলবার, সময়: সকাল ১১:০০ ঘটিকা

মাধ্যম : জুম প্লাটপর্ম।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ জুম কনফারেন্সিং সভায় যুক্ত হয়ে সকলকে স্বাগত জানান। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে জুম কনফারেন্সিং সভার কাজ পরিচালনা করেন।

উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(১) <u>বিভাগীয় কমিটির সভা বাস্তবায়ন</u> : সভায় বিভাগীয় স্থায়ী কমিটির নিয়মিত সভা করে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের অনুরোধ জানান।	বিভাগীয় স্থায়ী কমিটির সভা নিয়মিত বাস্তবায়ন করে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় প্রধান (সকল), মনোহরদী
<u>ইউপি চেয়ারম্যানগণের আলোচনা</u> : (১) চেয়ারম্যান, বড়চাপা ইউনিয়ন পরিষদ সভায় যুক্ত হয়ে ডিজিএম, পবিস-২, মনোহরদী এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, তীব্র গরমে অকারণে ঘন ঘন লোডশেডিং এর কারণে মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছে। এ অবস্থার অবসানের জন্য অনুরোধ জানান। বর্ষা মৌসুমে বৃষ্টির পানি নিষ্কাশনে এডিপি খাত হতে পাইপ বরাদ্দের জন্য প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। তিনি আসন্ন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) ২০২১ এর উপজেলা পর্যায়ের খেলাগুলো সুষ্ঠুভাবে পরিচালনা করার অনুরোধ জানান।	(১) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী (২) উপজেলা প্রকৌশলী মনোহরদী, নরসিংদী (৩) ডিজিএম পবিস-২ মনোহরদী, নরসিংদী
(২) চরমান্দালিয়া ইউপি চেয়ারম্যান জানান, এলাকার অনেকেই কালভার্ট ভরাট করে অনুমোদনহীন বাড়ী ঘর নির্মাণ করছে। এ অবস্থা অব্যাহত থাকলে বর্ষাকালে বৃষ্টির পানি নিষ্কাশন বাঁধাগ্রস্ত হবে। তিনি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তাছাড়া তিনি বিদ্যুতের লোডশেডিং বন্ধ করে গরমে মানুষকে স্বস্তি দেয়ার অনুরোধ জানান।	(২) অবৈধভাবে নির্মিত বাড়ির মালিকদের নামের তালিকা জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	(৪) ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) মনোহরদী, নরসিংদী
(৩) চন্দনবাড়ী ইউপি চেয়ারম্যান জুম সভায় যুক্ত হয়ে সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান, ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কাজ উপজেলার পরিত্যক্ত ভবনের পরিবর্তে চৌরাস্তা মৌলভী বাজারের টিনসেডে অস্থায়ীভাবে পরিচালনা করা হচ্ছে। পরিষদের নামে রেজিষ্ট্রিকৃত জায়গায় দ্রুত ভবন নির্মাণের টেন্ডার কল করে ভবন নির্মাণ করার জন্য উপজেলা প্রকৌশলী, মনোহরদীকে অনুরোধ জানান।	(৩) নতুন ভবন নির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে নির্দেশনার পর টেন্ডার বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
(৪) কাচিকাটা ইউপি চেয়ারম্যান গন্ডারদিয়া-চালাকচর ভায়া রুদ্রদী রাস্তায় ভেঙ্গে যাওয়া একটি ব্রীজ পরিদর্শন সাপেক্ষে সংস্কার করার এবং শেখের বাজার পুরাতন ভূমি অফিসের পিছনে হালটের জায়গা দখলরোধে ব্রিক সলিং রাস্তা করার অনুরোধ জানান। তাছাড়া মানুষের কষ্ট লাঘবে লোডশেডিংমুক্ত রাখার জন্য ডিজিএম, পবিস-২ মনোহরদীকে অনুরোধ জানান।	(৪) গন্ডারদিয়া-চালাকচর ভায়া রুদ্রদী রাস্তায় ভেঙ্গে যাওয়া ব্রীজ উপজেলা প্রকৌশলী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	

(৫) ইউপি চেয়ারম্যান গোতাশিয়া জানান, বৃষ্টি হলেই বিদ্যুৎ লোডশেডিং করা হচ্ছে। বিদ্যুৎ সেবা নিশ্চিত করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি গোতাশিয়া ইউনিয়নের মামদারটেক রাস্তায় একটি কালভার্ট ও ইউনিয়ন পরিষদের অবশিষ্ট বাউন্ডারী ওয়াল নির্মাণে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। (৬) চেয়ারম্যান, খিদিরপুর ইউপি জুম সভায় যুক্ত হয়ে জানান, তার ইউনিয়নে কয়েকটি রাস্তার মেরামত কাজ করা জরুরি। বিশেষ করে রামপুর বাজার সংলগ্ন রাস্তাটি মেরামত করা অতি জরুরি। তাছাড়া রামপুর কানারা বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি উন্নয়ন প্রকল্পভূক্ত করার অনুরোধ জানান। (৭) কৃষ্ণপুর ইউপি চেয়ারম্যান জানান, উপজেলা হাট-বাজার খাতে বীরগাঁও চৌরাস্তা বাজারের মাছ সেড নির্মাণ করার এবং এডিপি উন্নয়ন খাতে কৃষ্ণপুর ইউনিয়নের কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তা মেরামতের আওতায় আনার অনুরোধ জানান। (৮) চেয়ারম্যান, চালাকচর ইউনিয়ন পরিষদ সভায় যুক্ত হয়ে জানান, চালাকচর সরকারি প্রাথমিক বিদ্যালয়টির সম্প্রতি সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। সীমানা প্রাচীরের বাইরে অবস্থিত কয়েকটি গাছের জন্য পার্শ্ববর্তী কৃষকরা তাদের উৎপাদিত ফসল পরিবহনে অসুবিধার সম্মুখীন হচ্ছে। বিধি মোতাবেক গাছগুলো অপসারণের অনুরোধ জানান। (৯) চেয়ারম্যান, দৌলতপুর ইউপি এর আলোচনার পরিপ্রেক্ষিতে দীর্ঘদিনের দাবী হরিনারায়নপুর বাজার রাস্তাটি উপজেলা প্রকৌশলী মনোহরদী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে মেরামতের আওতায় আনার অনুরোধ জানান। (১০) চেয়ারম্যান, লেবুতলা ইউনিয়ন পরিষদ সভায় যুক্ত হয়ে জরুরিভিত্তিতে তার ইউনিয়নের নোয়াকান্দি-চালাকচর রাস্তাটি উপজেলা প্রকৌশলী, মনোহরদী কর্তৃক উন্নয়নের আওতায় আনার অনুরোধ জানান। তাছাড়া বিদ্যুতের নাজুক অবস্থা উত্তোরণের অনুরোধ জানান।	(৫) পরিদর্শনপূর্বক মামদারটেক রাস্তায় কালভার্ট সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৬) রামপুর কানারা বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি উন্নয়ন প্রকল্পভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৭) উপজেলা প্রকৌশলী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে উপজেলা হাট-বাজার খাতে বীরগাঁও চৌরাস্তা বাজারের মাছ সেড নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (৮) উপজেলা শিক্ষা অফিসার, মনোহরদী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে চালাকচর সরকারি প্রাথমিক বিদ্যালয়টির সীমানা প্রাচীরের বাইরে অবস্থিত কয়েকটি গাছের জন্য উদ্ভূত সমস্যার বিষয়ে একটি প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। (৯) উপজেলা প্রকৌশলী, মনোহরদী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে হরিনারায়নপুর বাজার রাস্তাটি মেরামতের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। (১০) লেবুতলা ইউনিয়নের নোয়াকান্দি-চালাকচর রাস্তাটি উপজেলা প্রকৌশলী, মনোহরদী কর্তৃক পরিদর্শন সাপেক্ষে উন্নয়নের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী (২) উপজেলা প্রকৌশলী মনোহরদী, নরসিংদী (৩) ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) মনোহরদী, নরসিংদী
(১১) মহিলা ভাইস চেয়ারম্যান সভায় যুক্ত হয়ে সকলকে স্বাগত জানান। উপজেলা পরিষদ সভায় খিদিরপুর ইউনিয়নের পীরপুর নতুন বাজার সংলগ্ন রাস্তাটি মেরামত করার জন্য পুনরায় অনুরোধ জানান। (১২) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ করোনা মহামারীতে মনোহরদী উপজেলাবাসীকে সুস্থ্য থাকার জন্য উপজেলা পরিষদে আগত সেবা প্রত্যাশীদের স্বাস্থ্যবিধি নিশ্চিত করার ভিত্তিতে 'নো মাস্ক নো সার্ভিস' এর পরামর্শ প্রদান করেন। তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনুর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনুর্ধ্ব-১৭) ২০২১ এর সফল আয়োজনের অনুরোধ জানান। (১৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ করোনাকালীন দায়িত্ব পালনে সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, পার্শ্ববর্তী দেশ ভারতে করোনা সংক্রমণের ভয়াবহ চিত্র দেখা যাচ্ছে। মনোহরদী উপজেলার বর্তমান করোনা সংক্রমণের হার পাঁচ শতাংশের নীচে। এ অবস্থা ধরে রাখার জন্য সকলকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন।	(১১) পীরপুর নতুন বাজার সংলগ্ন রাস্তাটি মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (১২) উপজেলা পরিষদে আগত সেবা প্রত্যাশীদের সেবা প্রদানের ক্ষেত্রে অনুসরণ 'নো মাস্ক নো সার্ভিস' এবং বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) ২০২১ এর সুষ্ঠু বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (১৩) করোনা মহামারীতে সকলকে সতর্ক থেকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী (২) উপজেলা প্রকৌশলী মনোহরদী, নরসিংদী (৩) ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) মনোহরদী, নরসিংদী

) স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জুম সভায় যুক্ত হয়ে জানান, কোভিড-১৯ পরিস্থিতিতে দ্বিতীয় ঢেউ এ করোনা পজেটিভ রিপোর্ট আসে ২২৯ জনের। মনোহরদীতে বর্তমানে ২জন করোনা পজিটিভ আছে। আক্রান্ত অন্যারা সবায় বর্তমানে সুস্থ্য আছেন। তিনি জানান, মনোহরদীতে করোনা সংক্রমণের হার ৫% এর নীচে রয়েছে। মনোহরদীতে ইতঃপূর্বে ২জন করোনা রোগীর মৃত্যু হয়েছে। মৃত্যুবরণকারীরা পূর্ব হতে অন্যান্য জটিল রোগে আক্রান্ত ছিলেন । করোনা মহামারীতে সকলকে সুস্থ্য থাকার জন্য স্বাস্থ্যবিধি অনুসরণ করার অনুরোধ জানান। ঘরের বাইরে সকলকে মাস্ক ব্যবহারের অনুরোধ জানান। তিনি আরো জানান, করোনার ২য় ডোজ হিসেবে ৬০টি ভায়াল বরাদ্দ পাওয়া গেছে। এসএমএস প্রদান করা হলে সংশ্লিস্ট সকলকে ২য় ডোজ ভ্যাকসিন গ্রহণের অনুরোধ জানান। তিনি আরো জানান, হাসপাতালের নতুন ভবনের কাজ চলমান আছে। ভবনের প্রথম ছাদ এরই মধ্যে ঢালাই দেয়া হয়েছে।	(১) করোনার ২য় ডোজ গ্রহণের জন্য এসএমএস প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) করোনা মহামারীর সংক্রমণ এড়াতে ঘরের বাইরে মাস্ক ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মনোহরদী, নরসিংদী
(৩) মৎস্য বিভাগ : সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জুম সভায় যুক্ত হয়ে তার বিভাগীয় কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। ১. মৎস্য সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সংরক্ষণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মনোহরদীতে আগত চাষীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। ২. মাঠ পর্যায়ের চাষীদের পানি পরীক্ষা করে পরামর্শ প্রদান ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ৩. হাট-বাজার পরিদর্শন, ফরমালিন পরীক্ষাসহ বাজারে নিষিদ্ধ মাছ বাজারজাতকরণ ইত্যাদি মনিটরিং করা হচ্ছে। ৪. ০১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত জাটকা ধরা নিষেধাজ্ঞা প্রদান সময়ে বাজার পরিদর্শন অব্যাহত আছে।	(১) জাটকা ধরার নিষেধাজ্ঞার সময়ে বাজার পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) মৎস্য সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সংরক্ষণের জন্য আগত চাষীদের পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) সিঃ উপজেলা মৎস্য অফিসার মনোহরদী, নরসিংদী (২) চেয়ারম্যান চালাকচর ইউনিয়ন পরিষদ।
(৪) কৃষি বিভাগ : উপজেলা কৃষি অফিসার সভায় যুক্ত হয়ে তার বিভাগের এপ্রিল ২০২১ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন। ১. এ উপজেলায় আবাদকৃত ১০,৮৫০ হেঃ বোরো জমির ধান কর্তন করা হয়েছে। মোট উৎপাদন ৪৩,৭১১ মেঃ টন। ২. এ উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে উফশী আউশ ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ১৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। ৩. সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে 'কৃষি যান্ত্রিকীকরণ' শীর্ষক প্রকল্পের উন্নয়ন সহায়তার (ভর্তুকি) আওতায় ২টি কম্বাইন হারভেস্টার ও ২টি রিপার বিতরণ করা হয়েছে। যার মাধ্যমে স্বল্প সময়ে ও অল্প খরচে ধান কর্তন করা যাচ্ছে। ৪. বর্তমানে ১৯২ মেঃ টন ইউরিয়া, ১০৪ মেঃ টন টিএসসি, ২৭ মেঃ টন ডিএপি এবং ১৭ মেঃ টন এমওপি সারের মজুদ রয়েছে। ৫. সার সরবরাহ সমস্যা নেই। সুষ্ঠভাবে তদারকি করা হচ্ছে। বাজার স্থিতিশীল আছে।	(১) বোরো ফসল যথাসময়ে মাড়াই করার জন্য কৃষকদের সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) সার বিপনন কার্যক্রম তদারকি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, মনোহরদী

(৫) উপজেলা প্রকৌশল :

উপজেলা প্রকৌশলী সভায় যুক্ত হয়ে জানান, উপজেলার উন্নয়ন কাজ চলমান আছে। তিনি তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন।

১. উপজেলা পরিষদের অনুমোদন ব্যতিরেকে কোন প্রকল্পের নাম পরিবর্তন করে টেন্ডার বাস্তবায়ন করা যাবে না। আইডিযুক্ত যে রাস্তা থাকবে, কেবল সে রাস্তারই টেন্ডার করা যাবে।

২. চন্দনবাড়ী ইউনিয়ন পরিষদের নতুন ভবনের প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদন প্রাপ্তির পর বাস্তবায়ন করা যাবে।

৩. কাচিকাটা ইউনিয়নের গন্ডারদিয়া-চালাকচর ভায়া রুদ্রদী রাস্তায় ভেঙ্গে যাওয়া একটি ব্রীজ পরিদর্শন সাপেক্ষে সংস্কার করা হবে।

৪. ইউনিয়নওয়ারী রাস্তার উন্নয়ন কাজের চাহিদা অনুযায়ী আইডিযুক্ত রাস্তার আবেদন জমা দেয়ার অনুরোধ জানান।

৫. ১০ ফিটের নীচে কোন রাস্তার উন্নয়নের জন্য প্রস্তাব করা যাবে না।

৬. এডিপি এর আওতায় রাস্তার প্রস্তাব/আবেদন মে মাসের মধ্যে জমা দিতে হবে।

উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসারদের আবাসন ভবন নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন পূর্বপার্শ্বে একটি স্থান নির্বাচন করা হয়েছে। উক্ত স্থানে মাঝারি আকারের তিনটি মেহগনি গাছ বিদ্যামান রয়েছে। আবাসন নির্মাণের জন্য উক্ত গাছটি বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের প্রস্তাব করেন।

তিনি সভায় নিম্নোক্ত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

ক্রমিক নং	প্রকল্পের নাম	টাকার পরিমাণ
১.	জাতীয় সমবায় দিবস ২০২০ উদ্‌যাপনের ব্যয় নির্বাহ	০.২০ লক্ষ টাকা
২.	কাচিকাটা ইউনিয়নের রুদ্রদী রাস্তায় ভেঙ্গে যাওয়া ব্রীজ সংস্কার	২.০০ লক্ষ টাকা
৩.	বগাদি আশ্রয়ণ কেন্দ্রে টিনের বেড়া ও টয়লেট মেরামত	০.৫০ লক্ষ টাকা
৪.	শেখের বাজার ভূমি অফিসের নিকট হতে শেখের বাজার দক্ষিণ জামে মসজিদ পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ	২.০০ লক্ষ টাকা

উপজেলা প্রকৌশলী জানান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট নরসিংদী মহোদয়ের ০৫.৩০.৬৮০০.১০৯.০৬.০০২.২১-১৬৮, তারিখ ২৩.০২.২০২১ খ্রিঃ মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ' দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় চালাকচর বাজার উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য অনুমতি প্রদান করেছেন। চালাকচর বাজার উন্নয়নের জন্য ভবন নির্মাণ স্থানে পুরাতন জরাজীর্ণ মাছের সেড ও গাছ রয়েছে। উক্ত পুরাতন জারাজীর্ণ সেড অকেজো ঘোষণা করতঃ পুরাতন জরাজীর্ণ মাছের সেড ও গাছ নিলামে বিক্রয়ের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত:

(১) প্রকল্পের নাম পরিবর্তন করে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) কাচিকাটা ইউনিয়নের গন্ডারদিয়া-চালাকচর ভায়া রুদ্রদী রাস্তায় ভেঙ্গে যাওয়া একটি ব্রীজ পরিদর্শন সাপেক্ষে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) আইডি আছে এমন রাস্তার উন্নয়নের জন্য আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) ১ হতে ৩নং প্রকল্প এডিপি/এডিপি উন্নয়ন খাতে এবং ৪নং প্রকল্প উপজেলা হাট-বাজার খাতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) সভায় আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসারদের আবাসন ভবন নির্মাণস্থলে বিদ্যমান তিনটি মেহগনি গাছটি উপজেলা বন কর্মকর্তার প্রতিবেদন গ্রহণ পূর্বক বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) বিস্তারিত আলোচনান্তে চালাকচর বাজার উন্নয়নের স্বার্থে উক্ত ভবন নির্মাণের স্থানে অবস্থিত জরাজীর্ণ পুরাতন সেড অকেজো ঘোষণা পূর্বক পুরাতন জরাজীর্ণ মাছের সেড ও গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

বাস্তবায়নে:

(১) উপজেলা নির্বাহী অফিসার মনোহরদী, নরসিংদী

(২) উপজেলা প্রকৌশলী, মনোহরদী নরসিংদী

(৬) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP):

সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সংযুক্ত হয়ে বলেন যে, ৪র্থ রাউন্ডের দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহের প্রস্তাবনার চূড়ান্ত অনুমোদনের পাওয়া গেছে। বিভাগওয়ারী দক্ষতা উন্নয়ন প্রকল্পের কাজ বাস্তবায়নের অনুরোধ জানান।

সিদ্ধান্ত: অনুমোদিত দক্ষতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর

<table>
<tr>
<td>
(৭) <u>প্রাণিসম্পদ বিভাগ:</u>
উপজেলা প্রাণিসম্পদ অফিসার জুম সভায় এপ্রিল ২০২১ মাসের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><td>গবাদি প্রাণির টিকা</td><td>৪,৫১২ মাত্রা</td><td>হাঁস মুরগীর টিকা</td><td>৫২,৪০০ মাত্রা</td></tr>
<tr><td>গবাদি পশুর চিকিৎসা সেবা</td><td>১,৭১১ টি</td><td>২,৩৯৫০ টি</td><td>২৭,৫০০ টি</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>৮৮০ টি</td><td>সংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>২৮৮ টি</td></tr>
</table>
তাছাড়া এলডিডিপি প্রকল্পের আওতায় করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে নিরাপদ আমিষ (দুধ, ডিম, মাংস) নিশ্চিতকরণে ন্যায্যমূল্যে ভ্রাম্যমান বিক্রয় কার্যক্রম বিগত ১২.০৪.২০২১ খ্রিঃ হতে ১২.০৫.২০২১ খ্রি পর্যন্ত মোট ৩০ দিন পরিচালিত হয়েছে। এ সময়ে বিক্রয়ের পরিমাণ যথাক্রমেঃ দুধ ৩৯০৩ লিঃ=২,৫৩,৬৯৫/-, ডিম ২৬,৪৭৫ হালি=৬,৬১,৪৭৫/- এবং খাসির মাংস ৪২৮ কেজি=৩,২১,০০০/- টাকা।
তাছাড়া এলডিডিপি প্রকল্পের আওতায় করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত ৬৬৪ জন খামারীর নামের তালিকা যাচাই বছাই করার পর কমিটির অনুমোদনক্রমে প্রকল্প অফিসে প্রেরণ করা হবে। তিনি আরো জানান, স্থগিতকৃত এক দিনের গরু প্রদর্শনী মেলা জুন ২০২১ মাসের ০৫ তারিখে মনোহরদী সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত হবে।
</td>
<td>(১) গবাদি প্রাণি, হাঁস মুরগীর টিকা চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ন্যায্যমূল্যে দুধ, ডিম ও মাংস বিক্রি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনোহরদী</td>
</tr>
<tr>
<td>
(৮) প্রাথমিক শিক্ষা :
নব যোগদানকৃত উপজেলা শিক্ষা অফিসার এপ্রিল ২০২১ মাসের কার্যক্রম উপস্থাপন করেন।
১. করোনকালীন বিদ্যালয়ের অনলাইন ক্লাশ, নরসিংদী জেলা অন লাইন স্কুলের পাঠদান অব্যাহত আছে। পাঠদান কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।
২. ২০২১ সালের শিক্ষা বর্ষের সকল বিদ্যালয়ে বইসমূহ প্রদান করা হয়েছে।
৩. ক্লাস্টারভিত্তিক শিক্ষকদের দায়িত্ব প্রদান করে শিক্ষার্থীদের সাথে মোবাইলের মাধ্যমে পাঠদান নিশ্চিত করা হচ্ছে।
৪. প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত ওয়াশব্লকের কার্যক্রম তদারকি করা হচ্ছে।
৫. প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম তদারকি করা হচ্ছে। উন্নয়ন কাজের বিষয়ে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে নিশ্চিত হয়ে সমাপ্ত প্রতিবেদন/প্রত্যয়ন করা হচ্ছে।
৬. ৩৩টি বিদ্যালয়ের ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গেছে। তাছাড়া ক্ষুদ্র মেরামতের ২০,০০০/- টাকা করে ১৯টি বিদ্যালয়ে বরাদ্দ পাওয়া গেছে, যা এসএমসি এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে।
</td>
<td>(১) করোনাকালীন পরিস্থিতিতে অনলাইন ক্লাশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ওয়াশ ব্লাক, ক্ষুদ্র মেরামত ও উন্নয়ন কাজ তদারকি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>(১) উপজেলা শিক্ষা অফিসার, মনোহরদী

(২) চেয়ারম্যান, সকল ইউপি।</td>
</tr>
<tr>
<td>
(২) <u>মাধ্যমিক শিক্ষা :</u>

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জুম সভায় যুক্ত হয়ে বিভাগীয় আলোচনা উপস্থাপন করেন।
১. সম্মিলিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ২০২০-২০২১ অর্থ বছরের অনলাইন তালিকাভূক্তির কার্যক্রম ২৩.০৪.২০২১ তারিখ সম্পন্ন হয়েছে।
২. অনলাইনভূক্ত আবেদনসমূহ আগামী ২৮.০৪.২০২১ তারিখ উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে যাচাই-বাছাই করা হবে।
২. Covid-19 ভ্যাকসিন গ্রহণে শিক্ষক/কর্মচারীদেরর অনলাইন নিবন্ধন নিশ্চিত করা হচ্ছে।
</td>
<td>(১) Covid-19 প্রতিরোধে শিক্ষক/কর্মচারীদের অনলাইন নিবন্ধন নিশ্চিত করে ভ্যাকসিন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) করোনা পরিস্থিতিতে অনলাইন ক্লাশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
</table>

(১০) সমাজসেবা অধিদপ্তর : উপজেলা সমাজ সেবা অফিসার সভায় যুক্ত হয়ে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় এমআইএসকৃত ভাতাভোগীদের তথ্য উপস্থাপন করেন। ১. এমআইএসকৃত বয়স্ক ভাতা : ৯,৪০৪ জন ২. এমআইএসকৃত বিধবা ভাতা : ৩,৬৩৪ জন ৩. এমআইএসকৃত প্রতিবন্ধী ভাতা : ৪,৬৬২ জন ৪. এমআইএসকৃত প্রতিবন্ধী উপবৃত্তি ভাতা : ২১৮ জন ৫. এমআইএসকৃত মোট ভাতাভোগ : ১৭,৯১৮ জন ৬. সংশ্লিষ্ট হিসাবে টাকা ছাড় করার নিমিত্ত পে-রোল : ১৬,০৫৩ জন তিনি আরো জানান, অক্টোবর ২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত মোট ৬ মাস 'নগদে' উপকারভোগীদের ভাতা পরিশোধ করা হবে।	(১) এমআইএসকৃত সকল ভাতাভোগীর ভাতা নির্ধারিত সময়ে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী
(১১) ত্রাণ ও দুর্যোগ অধিদপ্তর : উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় যুক্ত হয়ে জানান, ১. ২০২০-২০২১ অর্থ বছরের ১ম পর্যায়ের টিআর, কাবিটা কাজ শেষ হয়েছে। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর ১ম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। ২. ২০২০-২০২১ অর্থ বছরের ২য় পর্যায়ের টিআর, কাবিটা, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) কাজ চলমান আছে। দ্রুত শেষ হবে। ৩. ২০২০-২০২১ অর্থ বছরে প্রাপ্ত ৫টি ঘরের কাজ যথাসময়ে শেষ করা হয়েছে।	(১) টিআর, কাবিটার কাজ তদারকি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনোহরদী, নরসিংদী
(১২) পল্লী উন্নয়ন : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জুম সভায় যুক্ত হয়ে বিভাগীয় আলোচনা উপস্থাপন করেন। ১. ২০২০-২০২১ অর্থ বছরে বিআরডিবি'র বিভাগীয় কার্যক্রম চলমান আছে। ২. ২০২০-২০২১ অর্থ বছরে বিআরডিবি'র ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৭৩.৬৯ লক্ষ টাকা ৩. সকল প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় সন্তোষজনক। ৪. গত মাসে ঋণ বিতরণ : ৪২.০৪ লক্ষ টাকা, বছরে : ১৮০.২৬ লক্ষ টাকা। ৫. ঋণ আদায়ের হার : ৯৬%।	(১) লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) ঋণ আদায় হার শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী
(১৩) যুব উন্নয়ন : যুব উন্নয়ন অফিসার জানান, সরকারের নির্বাচনী ইশতেহারের অংশ হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র নির্মাণ প্রকল্পের আওতায় মনোহরদী পৌরসভাধীন হাররদিয়া মৌজায় প্রয়োজনীয় জমি নির্বাচন করা হয়েছে। উক্ত প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণের বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সুপারিশসহ প্রস্তাবনা প্রেরণ করার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান, বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে।	উপজেলায় যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র নির্মাণ প্রকল্পে হাররদিয়া মৌজার বর্ণিত ভূমি অধিগ্রহণের বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সুপারিশসহ প্রস্তাবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনোহরদী

(১৪) পরিবার পরিকল্পনা :

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার বিভাগের এপ্রিল ২০২১ মাসের তথ্যাদি উপস্থাপন করেনঃ

উপজেলায় মোট সক্ষম দম্পতি ঃ ৪৫৮৭৭
পদ্ধতিগ্রহণকারী দম্পতি ঃ ৩৪৪৮০
সিএআর ঃ ৭৫.১৬%

পদ্ধতি	প্রজেকশন	অর্জন	হার
স্থায়ী পদ্ধতি	৮০	১২	১৯%
আইইউডি	৭৫	৩০	৪০%
ইমপ্লানন	৪৯	১৪	২৮%
ইনজেকশন	৭৪২	৪৬৮	৬৩%
খাবার বড়ি	১০৮৩	৫৮১	৫৩%
কনডম	৪৫৯	৮৮	১৩%

মা ও শিশু স্বাস্থ্য সেবা					কিশোর কিশোরী সেবা
গর্ভবতীর সংখ্যা	গর্ভবতীর যত্ন	প্রসব	প্রসবোত্তর যত্ন	শিশুর যত্ন	

(১) পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণের পরামর্শ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) উপজেলার সকল FWC কেন্দ্রে সেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী

(১৫) মহিলা বিষয়ক অধিদপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন :

১. ভিজিডি কর্মসূচির আওতায় মনোহরদী উপজেলার ১২টি ইউনিয়নে পুষ্টিচালের বরাদ্দ পাওয়া গেছে। মে ২০২১ মাসের চালের ডিও জারি করা হয়েছে।
২. মাতৃত্ব এবং ল্যাকটেটিং ভাতা বিতরণ কার্যক্রমের আওতায় জুলাই ২০ হতে ডিসেম্বর ২০ পর্যন্ত ভাতা বিতরণ করা হয়েছে।
৩. রাজস্ব খাতে দর্জি বিজ্ঞান এবং আইজিএ প্রকল্পের ব্লক বাটিক ও ক্রিষ্টাল শো-পিস ট্রেডে ৩ (তিন) মাসব্যাপী (এপ্রিল ২০২১-জুন ২০২১ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে।

তিনি পুষ্টি চালের মাড় না ফেলে ভাত রান্না করে খাওয়ার অনুরোধ জানান। তাছাড়া ভিজিডি সঞ্চয় ফেরতের ৪টি ইউনিয়নের প্রত্যয়নপত্র জমা দেয়ার অনুরোধ জানান।

(১) ভিজিডি খাদ্যশস্য যথাসময়ে বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) পুষ্টি চালের মাড় না ফেলে ভাত রান্না করে খাওয়ার বিষয়ে সকলকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) ভিজিডি সঞ্চয় ফেরতের সকল ইউনিয়নের প্রত্যয়নপত্র নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(২) চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)

(১৬) সমবায় :

উপজেলা সমবায় অফিসার জুম সভায় যুক্ত হয়ে বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

১. উপজেলা মোট সমবায় সমিতির সংখ্যা : ২৪৬
২. কার্যকর সমিতির সংখ্যা : ১৬৬টি, অকার্যকর সমিতি : ৮০টি
৩. অডিট বরাদ্দকৃত (কার্যকর) সমিতি : ১৫১টি, অডিট সম্পাদিত: ১০০টি, ধার্যকৃত অডিট ফি : ৩৯,৮৩০/-টাকা, আদায়ের হার: শতভাগ।
৪. ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল : ২৫,৬৫৭/ টাকা, আদায়ের হার : শতভাগ
৫. পল্লী উন্নয়ন ও সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত একটি উন্নয়ন প্রকল্প (সিভিডিপি) এর কার্যক্রম অব্যাহত আছে।

সিভিডিপি প্রকল্পের আওতায় এ উপজেলায় ৬০টি সিভিডিপি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে এবং উক্ত সমিতিগুলোতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শেষে শেয়ার ও সঞ্চয় আদায় কার্যক্রম চলমান আছে।

(১) ঋণ আদায় শতভাগ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) পল্লী উন্নয়ন ও সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা সমবায় কর্মকর্তা মনোহরদী, নরসিংদী

(১৭) জনস্বাস্থ্য প্রকৌশল :

সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, চলতি অর্থ বছরে ১০টি প্রাথমিক বিদ্যালয় দ্বিতল ওয়াশব্লক এর সোয়েল টেস্ট করা হয়েছে। এ সপ্তাহের মধ্যে লে-আউট প্রদান করা হবে। বিভাগীয় অন্যান্য কাজ চলমান আছে।

ওয়াশ ব্লক এর মানসম্মত কাজ নিশ্চিত করার জন্য তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) মনোহরদী, নরসিংদী

(১৮) আনসার ও ভিডিপি : উপজেলা আনসার ও ভিডিপি অফিসার(ভারঃ) জানান, করোনা ভাইরাসকালীন সময়ে তার কার্যালয়ে সীমিত পরিসরে অফিসের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। চলমান লকডাউনে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সদস্যদের আইন-শৃংখলার বিষয়ে সতর্ক থাকার জন্য সতর্ক করা হয়েছে। তিনি আরো জানান, উপজেলা আনসার ভিডিপি অফিসের প্রবেশ দ্বারে ময়লা ফেলে অফিসের পরিবেশ নষ্ট করা হচ্ছে বলে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	স্বাস্থ্যবিধি অনুসরণ করে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরদী
(১৯) উপজেলা খাদ্য অফিস : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় যুক্ত না থাকায় আলোচনা জানা যায়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মনোহরদী নরসিংদী
(২০) বিদ্যুৎ : জনাব মোঃ রেজাউল করিম, ডিজিএম, মনোহরদী জোনাল অফিস, পবিস-২ সভায় যুক্ত হয়ে জানান, তিনি এ উপজেলায় গত ০৮.০৫.২০২১ তারিখ যোগদান করে দায়িত্ব পালন করে আসছেন। তিনি জানান, মনোহরদী উপজেলা বিদ্যুৎ সংযোগ পলাশ এবং শিবপুর সংযুক্ত রয়েছে। কোন দুর্ঘটনায় লাইন বন্ধ হলে সরাসরি লাইন চেক করে সংযোগ নিশ্চিত করতে হয়। লাইনের দূরত্ব বেশি থাকায় এবং বিদ্যুৎ লাইনের উপর গাছপালা পড়ে থাকায় বিদ্যুৎ সংযোগ দিতে সময় লেগে যায়। উপজেলায় প্রায় অংশেই গাছ-পালা বিদ্যুৎ লাইনের কাছা-কাছি থাকায় সামান্য ঝড়-বৃষ্টি হলে গাছ-পালা পড়ে বিদ্যুৎ বন্ধ হয়ে যাচ্ছে। তিনি জানান, মনোহরদী উপজেলায় বিদ্যুতের একটি গ্রিড সাবস্টেশন এর প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। বাস্তবায়ন হলে মনোহরদী উপজেলার বিদ্যুৎ সমস্যা আর থাকবে না। তিনি আগামী জুন মাসের মধ্যে উপজেলার বিলের টার্গেট পূরণ করার লক্ষ্যে উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার ও অফিসসমূহের বকেয়া বিল পরিশোধ করার অনুরোধ জানান।	(১) বিদ্যুত সরবরাহ নিরবচ্ছিন্ন করার প্রয়োজনীয় গাছ-পালা ছাটাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) মনোহরদী উপজেলায় বিদ্যুতের গ্রিড সাবস্টেশন প্রস্তাব বাস্তবায়নে মাননীয় মন্ত্রী মহোদয়ের সুপারিশ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম, পবিস-২, মনোহরদী নরসিংদী
(২১) আমার বাড়ী আমার খামার প্রকল্প : উপজেলা সমন্বয়কারী সভায় জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় করা হচ্ছে। ঋণ খেলাপীদের তাগিদ প্রদান করা হচ্ছে।	বিতরণকৃত ঋণ শতভাগ আদায়ের মাঠকর্মীদের দায়িত্ব নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প
(২২) মুক্তিযোদ্ধা সংসদ : সভায় যুক্ত না থাকায় আলোচনা জানা যায়নি।	সভায় যুক্ত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ
(২৩) উপজেলা নির্বাচন অফিস : উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা জানা যায়নি।	সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাচন অফিসার, মনোহরদী নরসিংদী
(২৪) সহকারী প্রোগ্রাম (UITRCE BANBEIS) : সহকারী প্রোগ্রামার জুম সভায় যুক্ত হয়ে জানান, বিভাগীয় কার্যক্রম চলমান আছে। বর্তমানে আইসিটি প্রশিক্ষণ বন্ধ আছে।	করোনা পরবর্তী আইসিটি প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার মনোহরদী, নরসিংদী
(২৫) উপজেলা বন বিভাগ : উপজেলা বন কর্মকর্তা জুম সভায় যুক্ত না থাকায় আলোচনা জানা যায়নি।	(১) সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) উপজেলায় আনসার আবাসন ভবন নির্মাণ স্থলের মাঝারি একটি মেহগনি গাছ নিলামের নিমিত্ত উপজেলা বন কর্মকর্তা কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে গাছের মূল্য উল্লেখপূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন ৭(সাত) দিনের মধ্যে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা মনোহরদী, নরসিংদী

(২৬) **উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট অনুমোদন** : উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের প্রণয়ণকৃত বাজেট অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের প্রণয়ণকৃত বাজেট অনুমোদন করা হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী ২. উপজেলা প্রকৌশলী, মনোহরদী, নরসিংদী

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সিদ্ধান্ত অনুযায়ী নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৫/২১

(মোঃ সাইফুল ইসলাম খান বীরু)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও উপজেলা পরিষদ চেয়ারম্যান
মনোহরদী, নরসিংদী

স্মারক নম্বর : ০৫.৩০.৬৮৫২.০০০.০৬.০২২.১৭-৩৬৯

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ / ২৫ মে ২০২১খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

(১) জেলা প্রশাসক, নরসিংদী, সদয় অবগতির জন্য;
(২) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
(৩) মেয়র, মনোহরদী পৌরসভা, মনোহরদী, নরসিংদী ;
(৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী ;
(৫) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরদী, নরসিংদী ;
(৬) উপজেলা .... কর্মকর্তা (সকল), মনোহরদী ;
(৭) সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, মনোহরদী উপজেলা কমান্ড, মনোহরদী, নরসিংদী এবং
(৮) চেয়ারম্যান... ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী

২৫.০৫.২০২১

(এ.এস.এম.কাসেম)
উপজেলা নির্বাহী অফিসার
মনোহরদী, নরসিংদী